

প্রেস বিজ্ঞপ্তি

নং- ৮০.২০০.০৬৪.০০.০০.০০৩.২০১৪ (অংশ-৩) - ১৭৭

তারিখ : ২২ / ০৬ / ২০১৬ইং

৩৩তম বিসিএস এর লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু পদ স্বল্পতার কারণে ক্যাডার এবং নন-ক্যাডার ১ম শ্রেণির পদে সুপারিশপ্রাপ্ত নয় এমন প্রার্থীদের নন-ক্যাডার ২য় শ্রেণির পদে নিয়োগের লক্ষ্যে চূড়ান্ত ফলাফল প্রকাশ সংক্রান্ত কমিশনের ১৬.১০.২০১৪ইং তারিখে জারিকৃত প্রেস বিজ্ঞপ্তিতে তথ্য বিভ্রাট/প্রশাসনিক কারণে রেজিঃ নম্বর-০১০২২৬, ০১৬০৮২ ও ০৯৭৫৫৪ এর ফলাফল/সুপারিশ কমিশন কর্তৃক স্থগিত রাখা হয়েছে। পরবর্তীতে উক্ত প্রার্থীগণ কমিশন কর্তৃক গঠিত কমিটির নিকট চাহিত কাগজপত্র/সনদপত্র/ডকুমেন্ট দাখিল করেন। দাখিলকৃত কাগজপত্র প্রাথমিকভাবে গ্রহণ করে তাদের ফলাফল প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়। কমিশন কর্তৃক মুক্তিযোদ্ধা কোটায় সাময়িকভাবে (provisionally) ২য় শ্রেণির নন-ক্যাডার পদে সুপারিশকৃত ৩ (তিন) জন প্রার্থীর পদের নাম ও রেজিঃ নম্বর নিম্নে দেয়া হলো :

(১) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

পদের নাম : শ্রম পরিদর্শক (সাধারণ) (২য় শ্রেণির নন-ক্যাডার)

রেজিঃ নম্বর-০১০২২৬, ০১৬০৮২ ও ০৯৭৫৫৪ = ৩ জন।


২। পরবর্তীকালে সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীদের মধ্যে যে কোনো সময় কোনো প্রার্থীর যোগ্যতার ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, জালিয়াতি বা অন্য কোনো ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তার সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে এবং চাকুরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ হলে তাকে চাকুরি হতে বরখাস্ত ছাড়াও তার বিরুদ্ধে যে কোনো উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে। মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেন্সি কর্তৃক প্রাক নিয়োগ জীবন-বৃত্তান্ত যাচাই এর পর সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রার্থীদের নিয়োগ প্রদান করবে।

৩। উল্লেখ্য, নিয়োগের পূর্বে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০৮.০৬.২০১৫ তারিখের ৪৮.০০.০০০০.০০৩.১৭.০২০.২০১২/৩৭৬ নং পত্রের সিদ্ধান্ত অনুযায়ী মুক্তিযোদ্ধা কোটায় সুপারিশপ্রাপ্ত প্রার্থীর তথ্য এবং মুক্তিযোদ্ধা সনদ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে যাচাই বাছাইপূর্বক নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করবেন।

৪। প্রার্থী কর্তৃক আবেদনপত্রের সাথে প্রদত্ত তথ্য, ডকুমেন্টস, সনদ ইত্যাদি আবেদনপত্রে প্রার্থীগণ কর্তৃক প্রদত্ত অংগীকারনামা প্রাথমিকভাবে বিবেচনায় নিয়ে কমিশন এই শর্তে প্রার্থীদের সুপারিশ করেছে যে, নিয়োগের পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ সরকারী সিদ্ধান্ত অনুযায়ী পুলিশি তদন্তের মাধ্যমে কাগজপত্রের সত্যতা যাচাইপূর্বক নিশ্চিত হয়ে চূড়ান্ত নিয়োগ প্রদান করবে।

৫। প্রেস বিজ্ঞপ্তিটি কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট-এ পাওয়া যাবে।

[পড়াশুনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালোভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন;  
চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদ্বির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।]

  
(আ.ই.ম নেহার উদ্দিন)  
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)